দৈনিক ইত্তেফাক

04 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১৮ ... কলাম ... ৫ ......

# চট্টগ্রাম আইন কলেজ ছাত্রদলের প্রতিবাদ

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম আইন কলেজ ছাত্রদল নেতৃবৃন্দ গতকাল সোমবার এক প্রতিবাদ সভায় বলেন, ছাত্রলীগের সন্ত্রাসীরা গত রবিবার ছাত্রদলের মিছিলে হামলা চালালে তাদের ৩জন নেতা মারাত্মকভাবে আহত হয়। কলেজ ক্যাম্পাসে জসিম উদ্দিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় কতিপয় সংবাদপত্রে প্রকাশিত ছাত্রদল কর্তৃক ছাত্রলীগের উপর হামলার সংবাদের প্রতিবাদ জানানো হয়। সভায় বলা হয়, ছাত্র সংগঠনসমূহের সাথে কলেজ কর্তৃপক্ষের বৈঠকের প্রেক্ষিতে সিদ্ধান্ত হয় যে, আগামী ২৬ জুন ছাত্র সংসদের নির্বাচন পর্যন্ত কলেজ ছাত্র সংসদ অফিস বন্ধ থাকবে। কিন্তু ছাত্রলীগ বহিরাগত সন্ত্রাসীদের নিয়ে গত রবিবার ছাত্র সংসদের অফিসের তালা ভেঙ্গে ভিতরে অবস্থান নেয়। এ সময় অন্যান্য ছাত্র সংসদের ন্যায় ছাত্রদল মিছিল বের করলে ছাত্রলীগের সন্ত্রাসীরা মিছিলে হামলা চালায়। ছাত্রলীগের হামলায় কলেজ ছাত্রদলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নাসির উদ্দিন, চকোরী, একরামুল হক, রাশেদ খান মারাত্মকভাবে আহত হয়। সভায় অবিলম্বে ছাত্রলীগের সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানানো হয়। প্রতিবাদ সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন আহমেদুল আলম চৌধুরী, গাজী মোহাম্মদ সিরাজ, আলাউদ্দিন, দিদারুল আলম প্রমুখ।